NEW BLOWN

-An Int'l Standard School-

Class-Three

9th Week

Subject	Lesson
Bang.-I	গদ্য: 'স্বাধীনতা দিবসকে ঘিরে' পৃ: (২৬-২৮) রিডিং, পৃ: ২৯ এর ১নং শব্দার্থ, পৃ: ৩০ এর ৪নং যুক্তবর্ণ, ৫নং সঠিক উত্তর পড়া।
Bang.-II	পৃ: ২৩ (শব্দ) এর সংজ্ঞা, উদাহরণ ও প্রকারভেদ এবং পৃ: ৩৫ (সন্ধি) এর সংজ্ঞা উদাহরণ ও প্রকারভেদ পড়া।
Math	নামতা: ১৪, ১৫ এর ঘরের। জ্যামিতি: চতুর্ভুজ, বৃত্ত, ব্যাস ও পরিধি। (শীট যাবে)
Eng-I	E.F.T: Unit-31 Reading + 62 (C) C.W E.G.C: Form fill up 8, 9 no. (Pg-145, 146)
Eng-II	Sentence (Assertive – Exclamatory) sentence এর Definition and Example (Pg-23, 24) Adjective (Definition , Example and kinds) (Pg-44, 45)
Science	অধ্যায়-৯ (শক্তি) পৃ: (৫৮-৬১) রিডিং + সংক্ষিপ্ত প্র:উ:) (শীট থেকে, পৃ: ৬২ এর (১-৪)নং বই থেকে । যোগ্যতাভিত্তিক প্র:উ: (১,২)নং (শীট থেকে)
B.G.S	অধ্যায়-৯ (আমাদের বাংলাদেশের রাজনৈতিক মানচিত্র) রিডিং, রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ:, বাম-ডান এবং শীটের সং:প্র:উ: (ক-ঙ) নং পড়া। (শীট যাবে)
Islam Reli.	অধ্যায়-৫ [নবি-রাসুল (স)] সম্পূর্ণ রিডিং, রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ:, শূন্যস্থান এবং অনুশীলনীর ১,২,৩নং।
Hindu Reli.	অধ্যায়-৭ম (স্বাস্থ্যরক্ষা ও আসন) রিডিং পৃ: (৪৪-৪৬) পর্যন্ত, রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ:, বাম-ডান পড়া।

10th Week

Subject	Lesson
Bang.-I	গদ্য: 'স্বাধীনতা দিবসকে ঘিরে' এর মূলভাব, প্রশ্নোত্তর (ক–ঘ) নং শীট থেকে পড়া।
Bang.-II	পৃ: ৩৪ (পদ পরিবর্তন) বিশেষণ থেকে বিশেষ্য পদে রূপান্তর (কাঠিন্য– নিশি) পর্যন্ত পড়া।
English-I	E.F.T: Unit: 31 (Lesson-4,5) reading Pg-63 (C) C.W E.G.C: Punctuation: Unit-33, 35 (Pg-101) E.G.C: Letter 5 No. (Pg-136)
English-II	Paragraph: Your Homland (Pg-153) Verb (Definition, Example and kinds Pg-47, 48, Person (Definition, Example and kinds)
Math	সংক্ষিপ্ত প্র:উ: (১-২৫)নং (শীট যাবে) অধ্যায়-৭ (বাংলাদেশী মুদ্রা ও নোট) পৃ: ৭৪, ৭৫ সম্পর্কিত ধারনা, পৃ: (৭৬ – ৭৯) এর ১,২নং।
Science	অধ্যায়-১০ (প্রযুক্তির সঙ্গে পরিচয়) রিডিং পৃ: (৬৩-৬৭) সং:প্র:উ: (শীট), পৃ: ৬৮ এর (১-৪)নং বই এবং যোগ্য: প্র:উ: স(১,২)নং শীট থেকে।
B.G.S	অধ্যায়-১০: (জাতির পিতা) রিডিং, রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ:, বাম-ডান পড়া।
Islam Reli.	অধ্যায়-৫ [নবি-রাসুল (স)] শীটের বাম-ডান, যোগ্য:প্র:উ: (ক–ঙ)নং পড়া শীট যাবে।
Hindu Reli.	অধ্যায়-৭ থেকে সং:প্র:উ: (১-৫) নং অধ্যায়-৮(দেশপ্রেম) রিডিং (৪৯, ৫০) রিডিং অন্তর্ভুক্ত শূন্যস্থান ও সং:প্র:উ: পড়া।

বিষয়ঃ প্রাথমিক বিজ্ঞান শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়-৯ঃ শক্তি

*** রিডিং থেকে সংক্ষিপ্ত প্রশ্ন:**

১। শক্তি কী? বিভিন্ন প্রকার শক্তির নাম লেখ।

২। আলো কী? আলোর দুইটি উৎসের নাম লেখ।

৩। আমরা কীভাবে তাপ পেয়ে থাকি?

৪। দিয়াশলাই কাঠি জ্বালালে আমরা কী কী শক্তি পাই?

৫। আলো ও তাপ সৃষ্টি করে এমন দুইটি উৎসের নাম লেখ।

*** যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর:**

১। বিদ্যুৎ কী? দৈনন্দিন জীবনে বিদ্যুতের পাঁচটি ব্যবহার উল্লেখ কর।

উত্তর: বিদ্যুৎ এক প্রকার শক্তি।

দৈনন্দিন জীবনে বিদ্যুতের পাঁচটি ব্যবহার হলো−

ক) বৈদ্যুতিক বাতি জ্বালাতে।
খ) বৈদ্যুতিক ফ্যান চালাতে।
গ) টেলিভিশন চালাতে।
ঘ) রেফ্রিজারেটর চালাতে ও
ঙ) কম্পিউটার চালাতে।

তাই বলা যায় যে, দৈনন্দিন জীবনে বিদ্যুতের ব্যবহার আমাদের জীবনকে অনেক সৌখিন ও আরামদায়ক করে তুলেছে।

২। তাপশক্তি জিনিসকে কী করে? তাপশক্তির চারটি ব্যবহার উল্লেখ কর।

উত্তর: তাপশক্তি জিনিসকে গরম করে।

তাপশক্তির চারটি ব্যবহার হলো:

ক) খাবার রান্না করতে।
খ) ভেজা কাপড় শুকাতে।
গ) নিজেদের গরম রাখতে ও
ঘ) শীতকালে ঘর গরম রাখতে

সুতরাং তাপশক্তির ব্যবহার আমাদের জীবনযাত্রাকে অনেক সহজ করে তুলেছে।

বিষয়ঃ গণিত (জ্যামিতি) শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়-১০.৩

১। চিত্রসহ সংজ্ঞা দাওঃ

ক) চতুর্ভূজঃ চারটি বাহু দ্বারা আবদ্ধ ক্ষেত্রকে চতুর্ভূজ বলে।



চিত্রে; ABCD একটি চতুর্ভূজ।

খ) বৃত্ত ঃ

সংজ্ঞা: একটি নির্দিষ্ট বিন্দু থেকে সমান দূরত্বে অপর একটি বিন্দু দ্বারা আবদ্ধ ক্ষেত্রকে বৃত্ত বলে।



চিত্রেঃ O কেন্দ্র বিশিষ্ট ABC একটি বৃত্ত। যার OC হচ্ছে নির্দিষ্ট দূরত্ব।

গ) ব্যাস ঃ বৃত্তের কেন্দ্রগামী জ্যা-কেই বৃত্তের ব্যাস বলে।



চিত্রে, O কেন্দ্র বিশিষ্ট ABC বৃত্তের AB একটি ব্যাস।

ঘ) পরিধিঃ কোনো বৃত্তের গোলাকার অংশের দৈর্ঘ্যকে তার পরিধি বলা হয়।



চিত্রে, ABC D এর দৈর্ঘ্যই ঐ বৃত্তের পরিধি।

বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় শ্রেণিঃ তৃতীয়

অধ্যায় - ৯ঃ আমাদের বাংলাদেশ

১। সংক্ষিপ্ত প্রশ্নোত্তরঃ

ক) রাজনৈতিক মানচিত্র বলতে তুমি কী বোঝ?

উত্তরঃ যে মানচিত্রে সীমানা ও প্রতিবেশী দেশগুলো দেখানো হয় তাকে রাজনৈতিক মানচিত্র বলে।

খ) আয়তনে সবচেয়ে বড় বিভাগ এবং সবচেয়ে ছোট বিভাগ কোনটি?

উত্তরঃ আয়তনে সবচেয়ে বড় চট্টগ্রাম বিভাগ এবং সবচেয়ে ছোট ময়মনসিংহ বিভাগ।

গ) প্রাকৃতিক মানচিত্র বলতে কী বোঝ?

উত্তরঃ যে মানচিত্রে পাহাড়-পর্বত, নদ-নদী দেখানো হয়, তাকে প্রাকৃতিক মানচিত্র বলে।

ঘ) বাংলাদেশের নদীগুলো কোন সমুদ্রে পড়েছে? নদীগুলো সারাদেশে কীসের মতো ছড়িয়ে আছে?

উত্তরঃ বাংলাদেশের নদীগুলো বঙ্গোপসাগরে পড়েছে। নদীগুলো সারাদেশে জালের মতো ছড়িয়ে আছে।

ঙ) কোন কোন ফসল উৎপাদন করে আমরা বৈদেশিক মুদ্রা অর্জন করি?

উত্তরঃ পাট ও চা আমাদের অর্থকরী ফসল। এগুলো উৎপাদন ও বিদেশে রপ্তানি করে আমরা বৈদেশিক মুদ্রা আয় করি।

বিষয়ঃ গণিত (জ্যামিতি) শ্রেণিঃ তৃতীয়

সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

১। ভগ্নাংশ কাকে বলে?

উঃ একটি বস্তু বা পূর্ণ সংখ্যাকে একাধিক অংশে ভাগ করে তার তার কিছু নির্দিষ্ট অংশকে প্রকাশ করার মাধ্যম হলো ভগ্নাংশ।

২। ভগ্নাংশের ক্ষেত্রে লব কোথায় থাকে?

উঃ উপরে লব, $\frac{\rightarrow ৫}{৭}$

৩। একটি ভগ্নাংশের হর কোথায় থাকে?

উঃ নিচে হর, $\frac{৫}{\rightarrow ৭}$

৪। দৈর্ঘ্য পরিমাপের দু'টি এককের নাম লিখ।

উঃ মিটার ও সেন্টিমিটার।

৫। ১ মিটার = কত সেন্টিমিটার?

উঃ ১০০ সেন্টিমিটার।

৬। ১ সেন্টিমিটার = কত মিলিমিটার?

উঃ ১০ মিলিমিটার।

৭। ১ কিলোমিটার = কত মিটার?

উঃ ১০০০ মিটার।

৮। সময়ের একক কী?

উঃ সেকেন্ড, মিনিট, ঘণ্টা।

৯। স্কেল দিয়ে কী পরিমাপ করা হয়?

উঃ দূরত্ব।

১০। একটি ঘড়িতে কয়টি দাগ টানা আছে?

উঃ ৬০টি।

১১। ভারি জিনিস ওজনের জন্য কোন বাটখারা ব্যবহার করব?

উঃ কিলোগ্রাম বাটখারা।

১২। ঘড়ির দুইটি কাঁটার মিলিত বিন্দুতে কী তৈরি হয়?

উঃ কোণ।

১৩। বৃত্ত কোন ধরনের রেখা?

উঃ বক্ররেখা।

১৪। ১টি চতুর্ভূজের কয়টি বাহু ও কোণ থাকে?

উঃ ৪টি বাহু ও ৪টি কোণ থাকে।

১৫। তোমার গণিত বইয়ের উপরের তল কোন ধরনের?

উঃ সমতল।

১৬। ঢাকা থেকে রাজশাহীর দূরত্ব কোন এককে মাপতে হয়?

উঃ কিলোমিটার।

১৭। ১ বছরে কত সপ্তাহ?

উঃ ৫২ সপ্তাহ।

১৮। ১ সমকোণ সমান কত ডিগ্রী?

উঃ ৯০$^\circ$।

১৯। ত্রিভুজের কয়টি কোণ থাকে?

উঃ ৩টি।

২০। চতুর্ভূজের চার কোণের সমষ্টি কত?

উঃ ৩৬০$^\circ$।

২১। ১০ টাকার কয়টি নোটে ৫০ টাকা?

উঃ ৫টি।

২২। কত দিনে ১ মাস?

উঃ ৩০ দিনে।

২৩। ১ বছরে কত দিন?

উঃ ৩৬৫ দিন।

২৪। সোয়া চারটা বলতে কি বুঝায়?

উঃ ৪টা ১৫মিনিট।

২৫ ঊনষাট টাকা বিশ পয়সা সংখ্যায় লিখ।

উঃ ৫৯.২০।

বিষয়ঃ বাংলা-১মপত্র শ্রেণিঃ তৃতীয়

স্বাধীনতা দিবসকে ঘিরে

মূলভাবঃ

গল্পটিতে 'স্বাধীনতা দিবস' উদযাপনের প্রস্তুতি হিসেবে ছবি আঁকার শিক্ষক রূপা আপামণি রুনু ও আনিসকে ডেকে কাজের দায়িত্ব বুঝিয়ে দিয়ে সবাইকে দুটো দলে ভাগ করে দিলেন। শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের চিত্র এঁকে এবং নানা ধরণের জিনিসপত্র দিয়ে শ্রেণিকক্ষ সাজিয়ে স্বাধীনতা দিবসটি উদযাপন করবে। এতে শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা জেগে উঠবে এবং এ দিনটি সম্পর্কে জানতে পারবে।

প্রশ্নোত্তরঃ

ক) শিক্ষার্থীরা আর্ট বোর্ডে ফুল, পাতা আঁকল কেন?

উত্তরঃ বিদ্যালয়ে স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। সমস্ত শ্রেণিকক্ষ সুন্দরভাবে সাজাতে হবে। এ কারণে শ্রেণিকক্ষ সাজাতে শিক্ষার্থীরা আর্ট বোর্ডে ফুল পাতা আঁকল।

খ) রূপা আপা জাতীয় পতাকাটিকে কোথায় লাগাতে বলেছিল?

উত্তরঃ রূপা আপা জাতীয় পতাকাটিকে গাছের মগডালে লাগাতে বলেছিল।

গ) বাঙালি কাদের অবদান কখনো ভুলবে না?

উত্তরঃ শহিদ বীর মুক্তিযোদ্ধাদের অবদান বাঙালি কখনো ভুলবে না।

ঘ) বাঙালি প্রতিবাদী হয়ে ওঠে কেন?

উত্তরঃ পাকিস্তানি শাসক বর্গ বাঙালিকে নানাভাবে অধিকার বঞ্চিত করত। বাঙালির প্রতি অন্যায় অবিচার করত। তাদের এ অন্যায় অত্যাচার সহ্য করতে না পেরে বাঙালি প্রতিবাদী হয়ে ওঠে।

বিষয়ঃ প্রাথমিক বিজ্ঞান শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়-১০ঃ প্রযুক্তির সঙ্গে পরিচয়

*** রিডিং থেকে সংক্ষিপ্ত প্রশ্ন:**

১। প্রাচীনকালে মানুষ কোথায় চিত্র আঁকতো?

২। শিক্ষাক্ষেত্রে ব্যবহৃত চারটি প্রযুক্তির নাম লেখ।

৩। যাতায়াত প্রযুক্তিকে কয়ভাগে ভাগ করা যায় ও কী কী?

৪। কৃষিক্ষেত্রে ব্যবহৃত দুটি প্রাচীন ও দুটি আধুনিক প্রযুক্তির নাম লেখ।

*** যোগ্যতাভিত্তিক প্র:উ:**

১। প্রযুক্তি কী? মানুষ প্রযুক্তি উদ্ভাবন করেছে কেন? শ্রেণিকক্ষে শিক্ষক ব্যবহার করেন এমন কয়েকটি প্রযুক্তির নাম লেখ।

উত্তর: বিজ্ঞানের জ্ঞানকে মানুষের কল্যাণে প্রয়োগ করার বিভিন্ন কৌশলই হচ্ছে প্রযুক্তি।

মানুষ তার চাহিদাগুলো পূরণ করে জীবনকে সহজ ও আরামদায়ক করার জন্য প্রযুক্তি উদ্ভাবন করেছে।

শ্রেণিকক্ষে শিক্ষক ব্যবহার করেন এমন কয়েকটি প্রযুক্তির নাম হলো: বোর্ড, মার্কার, ডাস্টার, বই, কলম ইত্যাদি।

২। তিনটি প্রাচীন কৃষি প্রযুক্তির নাম লেখ। কৃষি কাজে আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে তিনটি বাক্য লেখ।

উত্তর: তিনটি প্রাচীন কৃষি প্রযুক্তির নাম হলো: শাবল, কোদাল, লাঙল ইত্যাদি।

কৃষিকাজে আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে তিনটি বাক্য হলো:

১) জমি চাষে ট্রাক্টর ব্যবহার হয়

২) সেচের জন্য সেচ পাম্প ব্যবহার হয়।

৩) মাছ চাষে আধুনিক প্রযুক্তি ব্যবহার হয়।

পরিশেষে বলা যায় যে, আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের ফলে কৃষকরা অধিক খাদ্য উৎপাদনে সক্ষম হচ্ছে।

NEW BLOWN
- An Int'l Standard School-

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

শ্রেণিঃ তৃতীয়

অধ্যায়ঃ ৫ম (নবি-রাসুল)

১। বাম-ডান মিলকরণঃ

ক) বাম পাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করঃ

বাম	ডান
ক) আল্লাহ আমাদের সৃষ্টি করেছেন	i) পরম বিশ্বস্ত।
খ) নবি-রাসুলগণ ছিলেন আল্লাহ তায়ালার	ii) উম্মত।
গ) আমরা মহানবি (স) এর	iii) তাঁর ইবাদতের জন্য।
ঘ) আল-আমীন মানে	iv) প্রিয় বান্দা।
ঙ) আমাদের সকল কাজের হিসাব	v) পরকালে দিতে হবে
	vi) মনোনীত ব্যক্তি।

উত্তরঃ (ক+iii), (খ+iv), (গ+ii), (ঘ+i), (ঙ+v)

খ) **বাম পাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করঃ**

বাম	ডান
ক) আমাদের দেশ থেকে বহু পশ্চিমে	i) অনুসারী।
খ) যাদের নিকট আসমানি কিতাব এসেছে	ii) তোমাদের ভাইবোন।
গ) হিজরত অর্থ	iii) তাঁরা হলেন রাসুল।
ঘ) উম্মত অর্থ	iv) আরব দেশ।
ঙ) কাজের লোকেরা	v) আল্লাহর সন্তুষ্টির জন্য দেশ ত্যাগ করা।
	vi) তাঁরা হলেন নবি।

উত্তরঃ (ক+iv), (খ+iii), (গ+v), (ঘ+i), (ঙ+ii)

২। যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তরঃ

ক) 'আল আমীন' অর্থ কী? কাকে আল আমীন বলে ডাকা হত? উক্ত নবির পরিচয় সম্পর্কে ৬টি বাক্য লিখ।

উত্তরঃ 'আল আমীন' অর্থ পরম বিশ্বস্ত। আমাদের প্রিয় নবি হযরত মুহাম্মদ (স) কে 'আল আমীন' বলে ডাকা হত। মহানবি (স) এর পরিচয় সম্পর্কে ৬টি বাক্য হলঃ

১) মহানবি (স) ৫৭০ খ্রিষ্টাব্দে মক্কার কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন।

২) তাঁর আব্বার নাম আবদুল্লাহ।

৩) তাঁর আম্মার নাম আমিনা।

৪) তাঁর দাদার নাম আব্দুল মুত্তালিব।

৫) মহানবি (স) এ পৃথিবীর সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি ও রাসুল।

৬) মহানবি (স) আল্লাহ তায়ালার সবচেয়ে প্রিয় মানুষ।

খ) কত বছর বয়সে মহানবি (স) নবুয়ত লাভ করেন? তিনি কোথায় আল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন? নবুয়ত লাভের ঘটনাটি ৫ বাক্যে লিখ।

উত্তরঃ মহানবি (স) ৪০ বছর বয়সে নবুয়ত লাভ করেন। তিনি জাবালে নুরের হেরা গুহায় আল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন। নবুয়ত লাভের ঘটনাটি নিচে ৫টি বাক্যে লেখা হলো:

১) মহানবি (সঃ) রমজান মাসের কোন একদিন হেরা গুহায় ধ্যানমগ্ন ছিলেন।

২) আল্লাহ তায়ালা ফেরেশতা জিবরাইল (আ:) কে তাঁর নিকট পাঠালেন।

৩) ফেরেশতা কুরআন মজিদের সূরা আলাকের প্রথম ৫টি আয়াত তিলাওয়াত করে শুনালেন।

৪) এটাই হলো মহানবি (স) এর নবুয়ত লাভ।

৫) নবুয়ত লাভের এ দিনটি ছিল লাইলাতুল কদর।

গ) নবি রাসুলগণ আমাদের কী বলেছেন সে সম্পর্কে ৫টি বাক্য লিখ।

উত্তরঃ নবি রাসুলগণ আমাদের উদ্দেশ্যে বলেছেন–

১) মহান আল্লাহ এক ও অদ্বিতীয়।

২) আল্লাহর কোন শরিক নেই।

৩) আল্লাহর কথা মতো চললে দুনিয়া ও আখিরাতে শান্তি পাবে।

৪) আল্লাহর কথা মতো না চললে দুনিয়া ও আখিরাতে কষ্ট পাবে।

৫) নেক কাজের বিনিময়ে জান্নাত ও মন্দ কাজের বিনিময়ে জাহান্নাম পাবে।

ঘ) কাজের লোকদের সম্পর্কে মহানবি (স) কী বলেছেন? এ সম্পর্কে ৫টি বাক্য লিখ।

উত্তরঃ কাজের লোকদের সম্পর্কে মহানবি (স) বলেছেন–

১) কাজের লোকেরা তোমাদের ভাই।

২) কখনো তাদের কষ্ট দেবে না।

৩) কাজের লোকদের অসম্মান করবে না।

৪) তোমরা যা খাবে তাদেরও তা খেতে দেবে।

৫) কাজকর্মে তাদের সাহায্য করবে।

ঙ) মহানবি (স) অত্যাচরের প্রতিবাদ করা সম্পর্কে কী বলেছেন? ৬টি বাক্যে লিখ।

উত্তরঃ মহানবি (স) অত্যাচারের প্রতিবাদ করা সম্পর্কে যা বলেছেন তা ৬টি বাক্যে লেখা হলো-

১) মহানবি (স) ছিলেন মজলুমের পরম বন্ধু।

২) জালিমের জন্য ছিলেন ভীষণ কঠোর।

৩) শক্তিশালী সরদার ও অসৎ কাজ করলে তিনি তাকে বাঁধা দিতেন।

৪) কারন আল্লাহ বলেছেন “নিশ্চয়ই আল্লাহ অত্যাচারীদের পছন্দ করেন না। ”

৫) তিনি সব সময় অত্যাচারের প্রতিবাদ করতেন।

৬) মহানবি (স) বলেছেন সবচেয়ে বড় জিহাদ হলো জালিমের সামনে সত্য কথা বলা।